দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..30 MAR 2015...
পৃষ্ঠা ...১৫... কলাম ...১......

জাতীয় বিশ্ববিদ্যালয়

# প্রথমবর্ষ স্নাতক (সম্মান) ভর্তির ২য় রিলিজ স্লিপের আবেদন ৩১ মার্চ থেকে

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৯ মার্চ ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তির ২য় রিলিজ স্লিপের আবেদন আগামী ৩১ মার্চ থেকে শুরু হয়ে ৭ এপ্রিল পর্যন্ত চলবে। যে সব শিক্ষার্থী ১ম রিলিজ স্লিপে আবেদন করেছে কিন্তু মেধা তালিকায় স্থান পায়নি কিংবা স্থান পেয়েও ভর্তি হয়নি সে সকল শিক্ষার্থীও ২য় রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd admissions) এবং (.nu.edu.bd) থেকে জানা যাবে।

## ২য় বর্ষ অনার্স পরীক্ষার সময়সূচী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে। এ পরীক্ষা আগামী ২২ এপ্রিল থেকে শুরু হয়ে ২৭ মে পর্যন্ত চলবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/ admissions) এবং (admissions.nu.edu.bd) থেকে পাওয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ ফয়জুল করিম রবিবার সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।